দৈনিক ইনকিলাব

তারিখ ... 27 OCT 1986 ...
পৃষ্ঠা ... ৮ কলাম ১ ...

227

## উপজেলা পরিক্রমা

# নরসিংদী সদর

॥ গাজী মোহাম্মদ ওহাব ॥

নরসিংদী সদর উপজেলার উত্তরে শিবপুর উপজেলা, দক্ষিণে নারায়ণগঞ্জ জেলার আড়াই হাজার উপজেলা এবং পূর্বে রায়পুরা উপজেলা ও পশ্চিমে নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলা।

[illegible]৮ বর্গমাইল আয়তন বিশিষ্ট এ সদর উপজেলায় মোট জনসংখ্যা ৩ লাখ ২৭ হাজার ২শ' ৪৪ জন, এর মধ্যে পুরুষ ১ লাখ ৭৩ হাজার ১শ' ৭৮ জন এবং মহিলা ১ লাখ ৫৪ হাজার ৬৬ জন।

১টি পৌরসভা, ১৪টি ইউনিয়ন ও ২শ' ৮৪টি গ্রাম নিয়ে গঠিত এ সদর উপজেলা।

### যোগাযোগ

নরসিংদী মেঘনা নদীর তীরে অবস্থিত। এখানে যোগাযোগের তিনটি মাত্র বাহন যেমন— নদী, সড়ক ও রেলপথ।

### শিক্ষা

এখানে সরকারী ২টি কলেজ ও ১টি মহিলা কলেজ আছে। তাছাড়া ২৮টি উচ্চ বিদ্যালয় (বালক), ৩টি উচ্চ বিদ্যালয় (বালিকা), ১শ' ৪টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসা ১শ' [illegible]০টি। এর মধ্যে সিনিয়র ১টি জুনিয়র ৪টি ও ফোরকানিয়া ১শ' ৭৫টি মাদ্রাসা আছে।

### চিকিৎসা

এখানে ১টি হেলথ কমপ্লেক্স ৩টি দাতব্য চিকিৎসালয় ও ২টি উপ-স্বাস্থ্য কেন্দ্র রয়েছে।

### হস্ত শিল্প

বহুকাল পূর্ব থেকেই নরসিংদী উপজেলার হস্ত শিল্পের যথেষ্ট সুনাম রয়েছে। এখানে হস্ত শিল্পের মধ্যে তাঁত শিল্পই প্রধান।

এ উপজেলার বাবুরহাটের শাড়ী, লুঙ্গী ও গামছা এককালে এশিয়া মহাদেশের বিভিন্ন দেশে রফতানি করে প্রচুর সুনাম কুড়িয়ে আনতো। তাছাড়া এখানে ৪টা পাট কল ১টি সুতা কল ও ৪টি বস্ত্র কল রয়েছে।

### হাট বাজার

সদর উপজেলায় ৯টি হাট ও ১৫টি বাজার রয়েছে। তার মধ্যে মাধবদী বাবুর হাটই প্রধান।

### কৃষি জমি

কৃষিজমির আয়তন সর্বমোট ৫২ হাজার ৪শ' ৮৫ একর। তার মধ্যে আবাদী ৩৫ হাজার ৪শ' ৮০ একর ও অনাবাদী ২ হাজার ৭শ' ১৬ একর এবং বাকী ১৪ হাজার ২শ' ৭৯ একর জমি বিল ঝিল ও ডোবা-নালায় ব্যাপৃত।